



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিবিল, ঢাকা-১০০০

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নম্বরঃ ১০৮/২০২৪

তারিখঃ ২৭ আষাঢ়, ১৪৩১  
১১ জুলাই, ২০২৪

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ২টি ব্যাংক এ ২০২১ সাল ভিত্তিক 'অফিসার (আইটি)' (১০ম গ্রেড) (JOB ID-10184) এর ৪৬৮টি শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠেয় প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষার Content, কেন্দ্র ও সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ২টি ব্যাংকে (সোনালী ব্যাংক পিএলসি-৩০৭টি ও জনতা ব্যাংক পিএলসি-১৬১টি) ২০২১ সাল ভিত্তিক 'অফিসার (আইটি)' (JOB ID-10184) পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে ১৭/০১/২০২৩ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৮/২০২৩ এর সূত্রে আবেদনকারী উপযুক্ত প্রার্থীদের ০৩ ঘন্টাব্যাপী (প্রিলিমিনারি- ১ ঘন্টা ও লিখিত পরীক্ষা- ২ ঘন্টা) (০১ সেশনে) পরীক্ষা নিম্নোক্ত Content ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

**প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষার Content**

**A. Preliminary Test (MCQ Type):**

Sl. No.	Contents	Marks
1.	Bangla	10x1=10
2.	English	10x1=10
3.	Mathematics	10x1=10
4.	General Knowledge	10x1=10
5.	Subject Related Questions	60x1=60
<b>Total Marks</b>		<b>100</b>

\* MCQ Test-এ প্রতিটি ভুল উত্তর প্রদানের ক্ষেত্রে ০.২৫ নম্বর কর্তন হবে;

**B. Written Exam:**

Sl. No.	Content	Marks
1.	Focus Writing in Bangla (On Recent Global/Bangladesh Issues)	10
2.	Focus Writing in English (On Recent Global/Bangladesh Issues)	10
3.	Translation: Bangla to English	10
4.	Translation: English to Bangla	10
5.	General Knowledge	10
6.	Subject Related Questions (15 Questions x 10 marks)	150
<b>Total Marks</b>		<b>200</b>

**প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষার সময়সূচি**

ক্রম	কেন্দ্রের নাম	তারিখ ও সময়	রোল নম্বর	প্রার্থী সংখ্যা
১.	মডেল একাডেমি, পাইকপাড়া সরকারি (ডি-টাইপ) কলোনি, মিরপুর-১, ঢাকা।	১৯/০৭/২০২৪ দুপুর ৩.০০ হতে বিকাল ৬.০০	১০০০১-১২০০০	২০০০ জন
২.	ঢাকা শিক্ষা বোর্ড ল্যাংগরেটর স্কুল এ্যান্ড কলেজ, মিরপুর-১, ঢাকা।		১২০০১-১৩৮০০	১৮০০ জন
৩.	মিরপুর ইউনিভার্সিটি কলেজ, মিরপুর-২, ঢাকা।		১৩৮০১-১৭৮০০	৪০০০ জন
৪.	মিরপুর বাংলা স্কুল এ্যান্ড কলেজ (বয়েজ সেকশন), মিরপুর-১১, ঢাকা।		১৭৮০১-২০৬৮৯	২৮৮৯ জন
			<b>মোট =</b>	<b>১০৬৮৯ জন</b>

০২। আবেদনকারী প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>)=>**Job openings of BSCS**) আপলোড করা হয়েছে। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের উপর্যুক্ত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৪। সামাজিক দূরত্ব মেনে সারিবদ্ধভাবে কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ এবং টেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ১ ঘন্টা পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরুর পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। এক্ষেত্রে বিলম্বে উপস্থিতি কোনো অজুহাতেই গ্রহণযোগ্য হবে না।

০৫। প্রবেশপত্র (০১ কপি) ব্যতীত কোনো ধরনের কাগজ, বই, মানিব্যাগ, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ইলেক্ট্রনিক কার্ড (স্মার্ট কার্ড, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা অনুরূপ অন্য কোন কার্ড), ডিজিটাল/স্মার্ট ওয়াচ বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করা যাবে না। উল্লিখিত কোনো কিছু পরীক্ষা চলাকালীন পাওয়া গেলে কিংবা অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে পরীক্ষা বাতিল করা হবে। প্রবেশপত্রে কোনোরূপ খসড়া বা কোনো কিছু লেখা যাবে না।

০৬। পরীক্ষার সময় পরীক্ষার্থীদের উভয় কান দৃশ্যমান রাখতে হবে।

০৭। কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

০৮। এ বিষয়ে যেকোন প্রয়োজনে প্রার্থীদের [info.bsccs@bb.org.bd](mailto:info.bsccs@bb.org.bd) ই-মেইলে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(মোঃ কাওছার মতিন)  
পরিচালক, বিএসসিএস  
ও  
সদস্য সচিব, বিএসসি।